গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা।

## সংবাদ গতিধারা

ঢাকা, বুধবার ১৩ মে ২০১৫, ৩০ বৈশাখ ১৪২২

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। দ্বিতীয় সাবমেরিন ক্যাবলে যুক্ত হচ্ছে বাংলাদেশ : একনেকে ১০ প্রকল্প অনুমোদন

২। বাজেটে করের আওতা বাড়ছে : অর্থমন্ত্রী

৩। জুন থেকে শ্যালা নদীতে নৌ চলাচল বন্ধ করে দেওয়া হবে : নৌপরিবহণমন্ত্রী

৪। বিচারকদের অপসারণ আইনের খসড়া চূড়ান্ত করা হয়েছে : আইনমন্ত্রী

৫। বয়স ১৫ বছর হলেই জাতীয় পরিচয়পত্র দেওয়ার সিদ্ধান্ত নির্বাচন কমিশনের

৬। নিখোঁজ বিএনপির যুগ্ম মহাসচিব সালাহউদ্দিন আহমেদ ভারতে গ্রেফতার

৭। এবার সিলেটে ব্লগারকে প্রকাশ্যে কুপিয়ে হত্যা
- আজ নগরীতে অর্ধদিবস হরতাল : আল কায়দার দায় স্বীকার

৮। পুনরায় ভূমিকম্পে কাঁপল দেশ

৯। দায়ী পুলিশ সদস্যদের বিরুদ্ধে কি ব্যবস্থা নেওয়া হয়েছে জানতে চেয়ে হাইকোর্টের রুল

১০। সেন্ট মার্টিনের কাছে ট্রলার থেকে ১১৬ যাত্রী উদ্ধার

চলমান পাতা/২

১। দ্বিতীয় সাবমেরিন ক্যাবলে যুক্ত হচ্ছে বাংলাদেশ : একনেকে ১০ প্রকল্প অনুমোদন

দ্বিতীয় সাবমেরিন ক্যাবল সংযোগে যুক্ত হচ্ছে বাংলাদেশ। এজন্য 'আঞ্চলিক সাবমেরিন টেলিযোগাযোগ প্রকল্প, বাংলাদেশ' অনুমোদন দিয়েছে জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটি (একনেক)। এর ফলে ক্রমবর্ধমান ব্যান্ডউইথ চাহিদা মিটিয়ে ক্যাবল সংযোগ নিরবচ্ছিন্ন রাখা যাবে বলে আশা করছে সরকার। প্রকল্পটির ব্যয় ধরা হয়েছে ৬৬০ কোটি টাকা। গতকাল ১২ মে মঙ্গলবার এনইসি সম্মেলন কক্ষে প্রধানমন্ত্রী ও একনেক চেয়ারপার্সন শেখ হাসিনার সভাপতিত্বে অনুষ্ঠিত একনেক সভায় ২৩৬৫ কোটি টাকার ১০টি প্রকল্পের অনুমোদন দেওয়া হয়। সূত্র-ইত্তেফাক (পৃ.১,ক.৮), যুগান্তর (পৃ.২,ক.২), প্রথম আলো (পৃ.১২,ক.৪), ডেইলি অবজারভার (পৃ.১,ক.১), ডেইলি স্টার বিজনেস (পৃ.১,ক.৫)।

২। বাজেটে করের আওতা বাড়ছে : অর্থমন্ত্রী

আসছে বাজেটে করের আওতা বাড়ানোর ইঙ্গিত দিয়েছেন অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত। গতকাল ১২ মে মঙ্গলবার রাজধানীর হোটেল সোনারগাঁওয়ে বাজেট নিয়ে ব্যবসায়ী নেতাদের সঙ্গে সভায় তিনি বলেন, ১৬ কোটি মানুষের দেশে মাত্র ১১ লাখ করদাতা। আরো ব্যাপক সংখ্যক মানুষকে করের আওতায় আনতে হবে। আমি চাই অর্ধেক মানুষ করের আওতায় আসুক। সূত্র-ইত্তেফাক (শেষ পৃ.,ক.২), জনকণ্ঠ (শেষ পৃ.,ক.৪), নিউজ টুডে (পৃ.১,ক.৪), ডেইলি সান (শেষ পৃ.,ক.২)। ফিনানসিয়াল এক্সপ্রেস এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

৩। জুন থেকে শ্যালা নদীতে নৌ চলাচল বন্ধ করে দেওয়া হবে : নৌপরিবহণমন্ত্রী

মংলা-ঘষিয়াখালী চ্যানেল পুরোপুরি চালু হওয়ার পর জুন মাস থেকে শ্যালা নদীতে নৌযান চলাচল বন্ধ করে দেওয়া হবে বলে জানিয়েছেন নৌপরিবহণ মন্ত্রী শাজাহান খান। গতকাল ১২ মে মঙ্গলবার সচিবালয়ে মংলা-ঘষিয়াখালী চ্যানেলে নৌযান চলাচল নিয়ে এক সংবাদ সম্মেলনে একথা জানান মন্ত্রী। সূত্র-জনকণ্ঠ (পৃ.১৯,ক.২), প্রথম আলো (পৃ.৩,ক.৪), যুগান্তর (পৃ.৩,ক.৬)।

৪। বিচারকদের অপসারণ আইনের খসড়া চূড়ান্ত করা হয়েছে : আইনমন্ত্রী

আইনমন্ত্রী  আনিসুল হক বলেছেন, সংবিধানের ষোড়শ সংশোধনীর আলোকে উচ্চ আদালতের বিচারকদের অপসারণ সংক্রান্ত আইনের খসড়া চূড়ান্ত করা হয়েছে। বিচারকদের বিচারিক কাজের স্বাধীনতা যাতে ক্ষুণ্ণ না হয়, সে বিষয়টি বিবেচনায় রেখেই এ আইনের খসড়া চূড়ান্ত করা হয়েছে। জাতীয় সংসদের আগামী অধিবেশনেই আইনটি পাস হতে পারে বলে জানান তিনি। গতকাল ১২ মে মঙ্গলবার জেলা ও দায়রা জজদের প্রশিক্ষণ কর্মশালা শেষে আইনমন্ত্রী সাংবাদিকদের এসব কথা বলেন। সূত্র-ইত্তেফাক (পৃ.১৯,ক.৫), জনকণ্ঠ (পৃ.১,ক.১), ইনকিলাব (শেষ পৃ.,ক.৫), ইন্ডিপেনডেন্ট (শেষ পৃ.,ক.২)।

৫। বয়স ১৫ বছর হলেই জাতীয় পরিচয়পত্র দেওয়ার সিদ্ধান্ত নির্বাচন কমিশনের

১৫ থেকে ১৭ বছর বয়সী সব নাগরিককে জাতীয় পরিচয়পত্র দেওয়ার সিদ্ধান্ত নিয়েছে নির্বাচন কমিশন (ইসি)। এক্ষেত্রে যারা ২০০০ সালের জানুয়ারি বা তার আগে জন্ম নিয়েছেন তাদের নিবন্ধনের জন্য ভোটার তালিকা হালনাগাদ কার্যক্রম গ্রহণ করেছে ইসি। এর মধ্যে যাদের বয়স ১৫ থেকে ১৭ তাদের জাতীয় পরিচয়পত্র (এনআইডি কার্ড) দেওয়া হবে। তবে বয়স ১৮ বছর পূর্ণ না হলে ভোট দেওয়ার যোগ্যতা অর্জন করবে না। গতকাল ১২ মে মঙ্গলবার নির্বাচন কমিশনের কমিশন বৈঠকে এ সংক্রান্ত একটি সিদ্ধান্ত গ্রহণ করা হয় বলে ইসি সূত্রে জানা  যায়। সূত্র-যায়যায়দিন (পৃ.১,ক.২), ইনকিলাব (শেষ পৃ.,ক.৮), যুগান্তর (পৃ.২,ক.২), ডেইলি স্টার (শেষ পৃ.,ক.৫), নিউ নেশন (পৃ.১, ক.৭)।

৬। নিখোঁজ বিএনপির যুগ্ম মহাসচিব সালাহউদ্দিন আহমেদ ভারতে গ্রেফতার

দুই মাসের বেশি সময় ধরে নিখোঁজ থাকা বিএনপির যুগ্ম মহাসচিব সালাহউদ্দিন আহমেদের খোঁজ পেয়েছেন তার স্ত্রী হাসিনা আহমেদ। ভারতের মেঘালয় রাজ্যের পাসতোর হিলসে অবস্থিত মেঘালয় ইন্সটিটিউট অব মেন্টাল হেলথ অ্যান্ড নিউরো সায়েন্স (মিমহানস) হাসপাতালে থাকা স্বামীর সঙ্গে গতকাল ১২ মে মঙ্গলবার টেলিফোনে কথা বলেন মিসেস হাসিনা আহমেদ। সালাহউদ্দিন টেলিফোনে স্ত্রীকে জানান, তিনি বেঁচে আছেন। সুস্থ আছেন সবাইকে খবরটা জানিয়ে দিতে তিনি স্ত্রীকে পরামর্শ দেন। সূত্র-ইত্তেফাক, প্রথম আলো, জনকণ্ঠ, যুগান্তর, ডেইলি স্টার, ইন্ডিপেনডেন্ট, ডেইলি সানসহ অধিকাংশ দৈনিক এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

৭। এবার সিলেটে ব্লগারকে প্রকাশ্যে কুপিয়ে হত্যা

- আজ নগরীতে অর্ধদিবস হরতাল : আল কায়দার দায় স্বীকার

সিলেটে গণজাগরণ মঞ্চের কর্মী ও ব্লগার অনন্ত বিজয় দাশকে দিনদুপুরে কুপিয়ে হত্যা করেছে দুর্বৃত্তরা। গতকাল ১২ মে মঙ্গলবার সকাল ৯টায় অফিসের উদ্দেশ্যে বেরিয়েই বাসার মাত্র কয়েকশ' গজ দূরে এই নৃশংস হত্যার শিকার হন তিনি। আগে থেকে ওঁৎ পেতে থাকা মুখোশধারীরা নগরীর সুবিদবাজার এলাকায় তাকে ধারালো অস্ত্র দিয়ে উপর্যুপরি কুপিয়ে দ্রুত পালিয়ে যায়। এ ঘটনায় সন্ধ্যা পর্যন্ত কাউকে গ্রেফতার করতে পারেনি পুলিশ। হত্যাকাণ্ডের দায় স্বীকার করে টুইটারে বেশ কয়েকটি স্ট্যাটাস দিয়েছে আল কায়দা ভারতীয় উপমহাদেশ শাখা। সূত্র-যুগান্তর

(পৃ.১,ক.৬), প্রথম আলো (পৃ.১,ক.৪), ইত্তেফাক (পৃ.১,ক.১), ডেইলি স্টার (পৃ.১,ক.৫), ইন্ডিপেনডেন্ট (পৃ.১,ক.২)। সংবাদ, নিউ এজ এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

৮। পুনরায় ভূমিকম্পে কাঁপল দেশ

রাজধানী ঢাকাসহ দেশের বিভিন্ন স্থানে আবার দু'দফা ভূমিকম্প হয়েছে। এতে তেঁতুলিয়ায় আতঙ্কে এক ব্যক্তি মারা গেছেন। এদিকে নেপাল ও ভারতেও ভূমিকম্প অনুভূত হয়েছে। নেপালে সাত দফা ভূমিকম্পে ভূমিধস হয়েছে। এতে ৩২ জনের মৃত্যুর খবর পাওয়া গেছে। গতকাল ১২ মে মঙ্গলবার দুপুর ১টা ৫ মিনিটে প্রথমবার ভূকম্পন অনুভূত হয়। বেশ কিছুক্ষণ ধরে চলা ভূমিকম্পের সময় বিভিন্ন ভবন দুলে ওঠে। এতে জনমনে আতঙ্ক ছড়িয়ে পড়ে। অনেকে ভবনের বাইরে বেরিয়ে আসেন। সূত্র-ইত্তেফাক (পৃ.১,ক.৬), জনকণ্ঠ (পৃ.১,ক.৩), প্রথম আলো (পৃ.১, ক.১), ডেইলি অবজারভার (পৃ.১,ক.১), নিউ নেশন (পৃ.১,ক.৬)।

৯। দায়ী পুলিশ সদস্যদের বিরুদ্ধে কি ব্যবস্থা নেওয়া হয়েছে জানতে চেয়ে হাইকোর্টের রুল

বাংলা বর্ষবরণের দিন যৌন হয়রানিতে জড়িতদের গ্রেফতারের দাবিতে ছাত্র ইউনিয়নের ঢাকা মেট্রোপলিটন পুলিশের (ডিএমপি) কার্যালয় ঘেরাও কর্মসূচিতে পুলিশ সদস্যদের দ্বারা সংগঠনটির নেতাকর্মীদের ওপর হামলা ও মারধরের ঘটনায় রুল দিয়েছেন হাইকোর্ট। একই সঙ্গে ওই ঘটনায় দায়ী পুলিশ সদস্যদের বিরুদ্ধে কী ব্যবস্থা নেওয়া হয়েছে, তা জানাতে ১৪ জুনের মধ্যে প্রতিবেদন দাখিলের জন্য পুলিশের মহাপরিদর্শক (আইজিপি) এ কে এম শহীদুল হককে নির্দেশ দেওয়া হয়েছে। গতকাল ১২ মে মঙ্গলবার একটি রিট আবেদনের শুনানি শেষে বিচারপতি কাজী রেজাউল হক ও বিচারপতি আবু তাহের মোহাম্মদ সাইফুর রহমানের বেঞ্চ রুলসহ এ আদেশ দেন। সূত্র-সংবাদ (পৃ.১,ক.৬), প্রথম আলো (শেষ পৃ.,ক.১), ইন্ডিপেনডেন্ট (শেষ পৃ.,ক.৬), বাংলাদেশ টুডে (শেষ পৃ.,ক.৬)।

১০। সেন্ট মার্টিনের কাছে ট্রলার থেকে ১১৬ যাত্রী উদ্ধার

কক্সবাজারের টেকনাফ উপজেলার সেন্ট মার্টিনের অদূরে বঙ্গোপসাগরে ভাসমান একটি ট্রলার থেকে ১১৬ জন যাত্রীকে উদ্ধার করেছে কোস্টগার্ড। গতকাল ১২ মে মঙ্গলবার তাঁদের উদ্ধার করা হয়। ধারণা করা হচ্ছে, তারা অবৈধভাবে থাইল্যান্ড যাচ্ছিলেন। কোস্টগার্ড জানায়, বিকেল সাড়ে চারটার দিকে থাইল্যান্ডের মালিকানাধীন এই ট্রলারটি আটক করে ওই ব্যক্তিদের উদ্ধার করা হয়। ট্রলারে কোনো মাঝিমাল্লা ছিলেন না। উদ্ধার হওয়া যাত্রীরা বাংলাদেশের নাগরিক। সূত্র-প্রথম আলো (শেষ পৃ.,ক.৬), ইন্ডিপেনডেন্ট (পৃ.১,ক.৮), নিউজ টুডে (পৃ.১,ক.২)।

সম্পাদকীয়

ক. প্রথম আলো : সুস্থ রাজনৈতিক পরিবেশ সৃষ্টির লক্ষ্যে নির্বিচারে আসামি করা বিএনপি নেতা কর্মীদের অবিলম্বে মুক্তি ও গ্রহণযোগ্য প্রক্রিয়ায় সকল সহিংসতার বিচার শেষ করার সুপারিশ;

খ. ইত্তেফাক : লাগাতার অবরোধ-হরতাল কর্মসূচির কারণে শিক্ষা ক্ষেত্রে যে অবর্ণনীয় ক্ষতি হয়েছে তা পুষিয়ে নিতে শিক্ষা মন্ত্রণালয় শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে অতিরিক্ত ক্লাস নেওয়ার যে নির্দেশনা দিয়েছে তা যথাযথ বাস্তবায়নের প্রত্যাশা;

গ. জনকণ্ঠ : দেশে ধানের বাম্পার উৎপাদনের পরেও অব্যাহতভাবে চাল আমদানি দেশের কৃষকদের ধ্বংসের পথে ঠেলে দিবে বলে উদ্বেগ প্রকাশ করে চাল আমদানি বন্ধ করার সুপারিশ;

ঘ. সংবাদ, ইনকিলাব, যুগান্তর, যায়যায়দিন : স্থল সীমান্ত চুক্তির আওতায় ভারতের কাছ থেকে পাওয়া ছিটমহলগুলোর উন্নয়নে বাংলাদেশকে জাতিসংঘ উন্নয়ন কর্মসূচি যে সহায়তার প্রস্তাব দিয়েছে (ইউএনডিপি) তা প্রশংসনীয় উল্লেখ করে ছিটমহলবাসীদের পুনর্বাসন, উন্নয়ন ও মূলধারার সঙ্গে সম্পৃক্ত করতে কার্যকর পদক্ষেপ নেওয়ার আহ্বান;

ঙ. ইনকিলাব : বিভিন্ন সরকারি অফিসের বিদ্যুৎসহ ইউটিলিটি বিল বকেয়া থাকায় নিন্দা জানিয়ে অবিলম্বে এ ব্যাপারে বিদ্যুৎ বিভাগকে ব্যবস্থা নেওয়ার ওপর গুরুত্বারোপ;

চ. ডেইলি স্টার : বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়ের অগ্নি নির্বাপক যন্ত্রপাতিগুলোর মেয়াদ এক বছর আগেই শেষ হয়ে যাওয়ার কথা উল্লেখ করে যন্ত্রপাতিগুলো জরুরিভিত্তিতে পুনঃস্থাপনের সুপারিশ;

ছ. ইন্ডিপেনডেন্ট : রাজধানীর ডায়াগনোস্টিক সেন্টারগুলোর ভুল রিপোর্টে জনজীবনে নিদারুণ ভোগান্তির চিত্র তুলে ধরে সরকারকে এ ধরনের ভুয়া প্রতিষ্ঠানগুলোর বিরুদ্ধে কঠোর আইনি ব্যবস্থা গ্রহণের আহ্বান;

জ. ডেইলি সান : বার্ষিক উন্নয়ন কর্মসূচির প্রকল্পগুলোর বাস্তবায়নে প্রশাসনকে আরো দক্ষভাবে কাজ করার সুপারিশ;

ঝ. নিউজ টুডে : সংযুক্ত আরব আমিরাত ও সিঙ্গাপুরের মতো বাংলাদেশে সমুদ্র উপকূলের ভূমি ব্যবহারে যথোপযুক্ত পদক্ষেপ নেওয়ার ওপর গুরুত্বারোপ করে সম্পাদকীয় প্রকাশ করেছে।

উপ-সম্পাদকীয়

সমকাল পত্রিকায় প্রকাশিত কলামে বাংলাদেশের বৈষম্যপূর্ণ অর্থনীতি মধ্যম আয়ের দেশে পরিণত হতে বাধা হয়ে দাঁড়াবে বলে উল্লেখ করা হয়েছে।

নিবন্ধ ও ফিচার

ইত্তেফাক পত্রিকায় প্রকাশিত ‘প্রতিবেশী সম্পর্ক শিখরে নিয়ে গেল স্থল সীমান্ত চুক্তি’ শিরোনামের নিবন্ধে মেজর জেনারেল মো. আবদুর রশীদ (অব.) ভারতের সাথে বাংলাদেশের স্থল সীমান্ত চুক্তির ফলে উন্নয়ন ও বিনিয়োগের অংশীদার হিসেবে সমতা ও মর্যাদার ভিত্তিতে বাংলাদেশ-ভারতের টেকসই সম্পর্ক দক্ষিণ এশিয়ায় নতুন নিরাপত্তা ও উন্নয়ন স্থাপত্য নির্মাণ করবে বলে অভিমত প্রকাশ করেছেন।

#

ফারহানা/ফাহিমা/মরজিনা/সাঈদা/বিপ্লু/২০১৫/৯.০০ ঘণ্টা